# আদ-দ্বোহা ইনস্টিটিউট অফ ইসলামিক স্কলার্স

# মাদ্‌রাসাতুদ দ্বোহা আল ইসলামিয়া

## অভিভাবকদের জন্য আবশ্যিক নীতিমালা সমূহ

- অত্র প্রতিষ্ঠানে ভর্তির পূর্বে প্রতিষ্ঠানের মাসিক বেতন, পরীক্ষার ফি ও অন্যান্য খরচ এবং যাবতীয় নিয়ম-কানুন সম্পর্কে বিস্তারিত জেনে ভর্তি করাবেন।ভর্তির পর এই সমস্ত বিষয় নিয়ে কোন প্রকার আলোচনা করা যাবে না।

- প্রত্যেক ক্লাসের মাসিক বেতন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। ১০ তারিখের মধ্যে দিতে না পারলে ২০ টাকা জরিমানা দিয়ে ২০ তারিখের মধ্যে দিতে হবে। কোন কারনে এক মাস বেতন দিতে না পারলে পরবর্তী মাসে ৫০ টাকা জরিমানাসহ দুই মাসের বেতন দিতে হবে এবং তিন মাস বেতন বকেয়া হলে হাজিরা খাতা হতে শিক্ষার্থীর নাম কাটা যাবে যা পরবর্তীতে পুনরায় ভর্তি ফি প্রদান করে হাজিরা খাতায় নাম তুলতে হবে।
- কোন শিক্ষার্থী যদি শ্রেনি শিক্ষককে অবগত করা ব্যতিত প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকে তাহলে প্রতিদিনের জন্য ১০টাকা হারে জরিমানা প্রদান করতে হবে যা পরবর্তী মাসের বেতনের সাথে আদায় করা হবে।
- কোন প্রকার অফিসিয়াল কাজ ব্যতিত কোন অভিভাবক প্রতিষ্ঠানের ক্যাম্পাসের ভিতরে বসে থাকতে পারবে না।কেবলমাত্র প্লে ক্লাসের অভিভাবকদের ক্ষেত্রে এই নীতি কিছুটা শীথিলযোগ্য।

- অভিভাবকগন ক্লাশ শুরুর কমপক্ষে ১৫ মিনিট পূর্বে শিক্ষার্থীকে গেইটের ভিতরে দিয়ে চলে যাবেন এবং ছুটির ৫ মিনিট আগে এসে গেইটের কাছে দাঁড়াবেন এবং আপনার সন্তানকে রিসিভ করবেন।

- ক্লাশ চলাকালীন সময়ে কোন অভিভাবকের শিক্ষার্থীর সাথে দেখা করার প্রয়োজন হলে প্রথমে অফিসে এসে জানাতে হবে।অযথা ক্লাসরুমের সামনে উঁকি দেওয়া যাবে না।

- প্রতিষ্ঠানের পড়াশোনার বিষয়ে কোন পরামর্শ থাকলে তা সরাসরি প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে।অন্য কারো সাথে কোন প্রকার আলোচনা করা যাবে না।

- কোন অভিভাবক তাঁর নিজস্ব আর্থিক সমস্যার কারনে প্রতিষ্ঠান কর্তৃক কোন সুবিধা প্রাপ্ত হলে তাঁর প্রাপ্ত সুবিধার কথা অন্য কোন অভিভাবকের সাথে আলোচনা করা যাবে না বা অন্য কোন অভিভাবকের এটা নিয়ে কোন প্রকার মন্তব্য থাকতে পারবে না।

- বিশেষ কোন কারন ছাড়া প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত সকল ধরনের বাৎসরিক প্রোগ্রাম যেমন-ক্রীড়া প্রতিযোগিতা, বনভোজন, হামদ-নাত-ক্বেরাত প্রতিযোগিতা ইত্যাদিতে বাধ্যতামূলকভাবে অংশগ্রহন করতে হবে।

**আমি উক্ত নীতিমালা সমূহ ভালোভাবে জেনে বুঝে আমার সন্তান কে এই প্রতিষ্ঠানে ভর্তি করাতে সম্মত হয়েছি।উল্লেখিত নীতিমালা নিয়ে আমার কোন দ্বিমত নাই এবং আমি সকল নীতিমালা মেনে চলবো। আমার দ্বারা কোন নীতিমালা ভঙ্গ হলে প্রতিষ্ঠান আমার বিরুদ্ধে যা ব্যবস্থা নিবে আমি তাই মেনে নিবো।**

অভিভাবকের স্বাক্ষর